



প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের
“পরিসংখ্যান কর্মকর্তা (৯ম গ্রেড)”
পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার
সময়সূচি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর: ৮০.০০.০০০০.০১১.১১.০১১.২৪-২৯

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
২৭ মে ২০২৬


বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের “পরিসংখ্যান কর্মকর্তা (৯ম গ্রেড)” পদে গত ০৪.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত তারিখ ও সময়সূচী অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে:

পদের নাম, গ্রেড, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	যোগ্য প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ও সংখ্যা
“পরিসংখ্যান কর্মকর্তা ৯ম গ্রেড” নিয়োগ বিজ্ঞপ্তির তারিখ: ১৩.০২.২০২৫, ক্রমিক নম্বর: ৩১	১১.০৬.২০২৬ (বৃহস্পতিবার) সময়: সকাল ১০:০০ টা	রেজি: নম্বর- ০০০০৫১, ০০০১৪৫, ০০০১৭৭, ০০০১৮২, ০০০৩১৭, ০০০৩৪৫, ০০০৫২১, ০০০৫৪২, ০০০৫৫৫= ০৯ জন

০২. মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার দিন নিম্নোক্ত কাগজপত্রের ০১ (এক) সেট মূলকপি ও ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি সঙ্গে আনতে হবে এবং সংশ্লিষ্ট বোর্ডের ব্যক্তিগত কর্মকর্তার নিকট জমা দিতে হবে:

- BPSC Form-5A (Applicant's Copy);
 - পরীক্ষার প্রবেশপত্র;
 - শিক্ষাগত যোগ্যতার সকল সনদ;
 - আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সিটি কর্পোরেশন/কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
 - জাতীয় পরিচয়পত্র (NID);
 - ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙিন ছবি;
 - বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীকে সংশ্লিষ্ট ক্ষেত্রে ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);
 - নাগরিকত্ব সনদ; এবং
 - কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
- কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট অথবা টেলিটক বাংলাদেশ লি: এর ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।
 - অনুচ্ছেদ-২ এ বর্ণিত সকল সনদ/ডকুমেন্টস এর মূল কপি মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।
 - মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের ন্যূনতম আধা ঘণ্টা (৩০ মিনিট) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।
 - কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
 - পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
 - চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।


১৩/০৫/২০২৬
দিলীপ কুমার
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)